

এমবিবিএস ভর্তি পরীক্ষায় ৪৯ হাজার ৪১৩ উন্নীর্ণ

স্টাফ রিপোর্টার ॥ মাত্র চারদিনের মধ্যে মেডিক্যাল কলেজগুলোয় ২০১৯-২০ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। মঙ্গলবার বিকেল পাঁচটায় স্বাস্থ্য অধিদফতর এ ফল প্রকাশ করে। প্রকাশিত ফল অনুযায়ী, ১০০ নম্বরের নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রে ন্যূনতম ৪০ নম্বর পেয়ে পাস করেছে ৪৯ হাজার ৪১৩ পরীক্ষার্থী। এর মধ্যে ছেলে পরীক্ষার্থী ২২ হাজার ৮৮২ ও মেয়ে পরীক্ষার্থী ২৬ হাজার ৫৩১। জাতীয় মেধাতালিকার ভিত্তিতে সর্বোচ্চ নম্বরধারীরা সরকারী ৩৬ মেডিক্যাল কলেজে এবং পরবর্তীতে বেসরকারী মেডিক্যাল কলেজে ভর্তির সুযোগ পাবেন। ভর্তি পরীক্ষার ফল স্বাস্থ্য অধিদফতরের ওয়েবসাইটে (ঘি.ফিময়ং.মড়া.নফ) পাওয়া যাবে। এছাড়া উত্তীর্ণ শিক্ষার্থীদের মোবাইল ফোনে টেলিটক নম্বর থেকে এসএমএম পাঠানো হবে।

স্বাস্থ্য অধিদফতর জানায়, নতুন পদ্ধতিতে গত শুক্রবার দেশব্যাপী একযোগে ১৯টি কেন্দ্রের ৩২ ভেন্যুতে ২০১৯-২০ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ বছর ৩৬টি সরকারী মেডিকেল কলেজে চার হাজার ৬৮ আসন ও ৭০ বেসরকারী মেডিকেল কলেজে ছয় হাজার ৩৩৬ আসনসহ ১০ হাজার ৪০৪টি আসনের বিপরীতে ৬৯ হাজার ৪১০ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেন। ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় সর্বোচ্চ নম্বর পেয়েছেন একজন ছেলে শিক্ষার্থী, তার প্রাপ্ত নম্বর ৯০ দশমিক ৫। মেয়েদের মধ্যে সর্বোচ্চ নম্বর পেয়েছেন ৮৯ বলে জানায় স্বাস্থ্য অধিদফতর।

এদিকে, এ বছর মেডিক্যাল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যা গতবারের তুলনায় সাত হাজার বেড়েছে। সরকারী ও বেসরকারী কলেজের প্রতিটি আসনের জন্য ছিলেন ৭ পরীক্ষার্থী। আর শুধু সরকারী কলেজের প্রতিটি আসনের জন্য লড়েছেন ১৮ পরীক্ষার্থী।



সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিস্টার্স লিঃ ও জনকর্তৃ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি.এ ৭৯৬।

**কার্যালয়:** জনকপ্ত ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন,  
জিপিও বাস্স: ৩০৪০, ঢাকা।

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

ଫୋନ୍: ୯୩୪୯୭୮୦-୯୯ (ଅଟୋହାନ୍ତିୟ ୨୦ ଟି ଲାଇନ୍),  
ଫ୍ୟାକ୍ସନ୍: ୯୩୫୧୩୧୭, ୮୩୧୬୩୦୫  
ଇ-ମେଲ୍: janakanthanews@gmail.com  
ଇ-ଜନକର୍ତ୍ତା: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

Copyright ® All rights reserved by dailyjanakantha.com